# প্রাথমিক শিক্ষক-শিক্ষিকাদের সুসংবাদ

আমরা অত্যন্ত আনন্দের সাথে ঘোষণা করছি যে বিগত ২২-৬-৮৩ ইং তারিখে শ্রদ্ধেয় শিক্ষামন্ত্রীর মাধ্যমে জনাব শাহজাদা মোঃ নূরুল আলম আমিরীর নেতৃত্বে সমিতির কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দের সাথে এক সৌজন্য সাক্ষাৎকার অনুষ্ঠানে মাননীয় সিএমএলএ সাহেব 'বাংলাদেশ প্রাথমিক শিক্ষক ভবন' নির্মাণের জন্য দশ কাঠা জমি ও সাড়ে পাঁচ লাখ টাকার একটি অনুদান প্রদানের কথা ঘোষণা করেছেন এবং পবিত্র ঈদুল ফিতরের পূর্বে বা এক সপ্তাহ পরে তিনি উক্ত ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন বলে আমরা নিশ্চিতভাবে আশা করছি।

আপনারা শুনে আরো খুশী হবেন যে বর্তমান জনসমর্থিত সামরিক সরকার অচিরেই আমাদের বেতন কাঠামোর পরিবর্তন, শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বেতন প্রদান ও কওমী জুট মিলের স্বার্থ সংরক্ষণসহ আমাদের দীর্ঘদিনের অনেক দাবীদাওয়া পূরণ ও সমস্যাবলী দূরীকরণের লক্ষ্যে এক যুগান্তকারী পদক্ষেপ নিতে যাচ্ছেন।

আপনারা আরো খুশী হবেন যে মাননীয় সিএমএলএ সাহেব বলিষ্ঠকন্ঠে ও দৃঢ়তার সাথে ঘোষণা করেছেন, প্রাথমিক শিক্ষকগণ সরকারী কর্মচারী ছিলেন এবং সরকারী কর্মচারীই থাকবেন বরং এ সম্পর্কে কোন ভুল বোঝাবুঝি বা অসুবিধা থাকলে তা দূর করা হবে।

বিস্তারিত জানাজানির জন্য আপনারা কেন্দ্রীয় কার্যালয়ে যোগাযোগ করুন।

শিক্ষক ভবনের জন্য প্রাপ্ত জমি বরাদ্দের চিঠি নং ৩২০৮/ডি/সি/এস তাং ২৯-৬-৮৩ প্লট নং ২,মেইন রোড-১, ব্লক-এ, সেকশান-১৩, মিরপুর।

(মোঃ ফজলুর রহমান)
মহা-সচিব
বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি
অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়, ৪২৪, খিলগাঁও
সি জোন, ঢাকা-১৯
ফোন : ৪০১৪১৭